


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৬- ৪৩২

তারিখঃ ০৯, ১০.২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

ডাঃ সামসুন নাহার (৩৫৯৫৫), প্রাক্তন সহযোগী অধ্যাপক, মা ও শিশু, নিপসম, মহাখালী, ঢাকা লিয়েন এবং অনুপস্থিতিকালসহ ০৫ (পাঁচ) বছর পূর্তির ০২ দিন পূর্বে কর্মে যোগদান করেছেন বিধায় বাংলাদেশ সার্ভিস বুলস (বিএসআর) (পার্ট-১) এর ৩৪ বিধি প্রযোজ্য না হওয়ায় ২০.০৯.২০১৬ খ্রিস্টাব্দের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৬-৬৪৮ নং প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।



(মোঃ সিরাজুল কারিম)
সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬০.২০১৬- ৪৩২/২(৮)

তারিখঃ ০৯, ১০.২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (পার-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
- ৫। প্রধান হিসাব রক্ষণকর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপপরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। ডাঃ সামসুন নাহার (৩৫৯৫৫), প্রাক্তন সহযোগী অধ্যাপক, মা ও শিশু, নিপসম, মহাখালী, ঢাকা।


০৯, ১০, ২০১৭
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsd.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৮.২০১৭-১৩২

তারিখঃ ০৯.১০.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ মোঃ মঞ্জুরুল আলম (৪৩৫০৬), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পোরশা, নওগাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা

অভিযোগনামা

যেহেতু, আপনি হাসপাতাল ক্যাম্পাসে ১০/১২টি কুকুর পালন করতেন, যা হাসপাতালের পরিবেশ নোংড়া করতো ও জনমনে আতঙ্ক সৃষ্টি এবং চিকিৎসাসেবা ব্যাহত হয়;

যেহেতু, আপনি কর্মকর্তা/কর্মচারীদের আস্থায় না নিয়ে তাদের সাথে সব সময় অপমানজনক/অসৌজন্যমূলক আচরণ করেন;

যেহেতু, আপনি বহিরাগত লোকদের নিয়ে প্রায়ই দীর্ঘসময় বৈঠক করেন। যার ফলে অফিসার ও হাসপাতালের কর্মকর্তা/কর্মচারীরা অফিসের কোন সমস্যা বা কাজ নিয়ে আলোচনা / পরামর্শ করার কোন সুযোগ পান না এবং বহিরাগতদের ভয়ে তটস্থ থাকেন;

যেহেতু, আপনি গত ৩০.১০.২০১৬ খ্রিঃ একজন রোগীর মৃত্যুকে কেন্দ্র করে গঠিত তদন্তবোর্ডে আপনার আস্থা ভাজন ইউনাইটেড মেডিকেল অফিসারকে রাখেন যাহা বিধি বহির্ভূত এবং সংশ্লিষ্ট কর্তব্যরত চিকিৎসককে জানাননি;

যেহেতু, আপনি হাসপাতাল কোয়ার্টার বরাদ্দ নিয়ে স্বজনপ্রীতিমূলক আচরণ করেছেন;


যেহেতু, আপনি সিভিল সার্জন, নওগাঁ কর্তৃক ফার্মাসিস্ট জালাল উদ্দিনের বদলি আদেশটি কার্যকর না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের ন্যায়সংগত আদেশ অমান্য করেন;

যেহেতু, আপনি ফার্মাসিস্ট গোলাম রহমান দুর্ঘটনায় পা ভেঙ্গে অসুস্থ হয়ে ছুটির আবেদন করার পরও ছুটি মঞ্জুর না করে অমানবিকভাবে অসুস্থ অবস্থায় তাঁকে ডিউটি করতে বাধ্য করেন;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালায় পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষেণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে উক্ত বিধিমালায় অধীনে যথোপযুক্ত কোন দন্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব


ডাঃ মোঃ মঞ্জুরুল আলম (৪৩৫০৬),
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,
পোরশা, নওগাঁ

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৮.২০১৭-১৩২ (৫)

তারিখঃ ০৯.১০.২০১৭ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিভিল সার্জন, নওগাঁ।
- ৪। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং ই-মেইলে প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিসটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।


৯.১০.২০১৭
(আসমা তাসকিন)


উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hds.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মোঃ মঞ্জুরুল আলম (৪৩৫০৬), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পোরশা, নওগাঁ চাকরি বিধি অনুযায়ী যথাযথ দায়িত্ব পালন না করে হাসপাতাল ক্যাম্পাসে ১০/১২টি কুকুর পালন করতেন, যা হাসপাতালের পরিবেশ নোংড়া করত ও এর ফলে জনমনে আতঙ্ক সৃষ্টি ও চিকিৎসাসেবা ব্যাহত হয়; কর্মকর্তা/কর্মচারীদের আস্থায় না নিয়ে তাদের সাথে সব সময় অপমানজনক/অসৌজন্যমূলক আচরণ করেন; বহিরাগত লোকদের নিয়ে প্রায়ই দীর্ঘসময় বৈঠক করেন। যার ফলে অফিসার ও হাসপাতালের কর্মকর্তা/কর্মচারীরা অফিসের কোন সমস্যা বা কাজ নিয়ে আলোচনা / পরামর্শ করার কোন সুযোগ পান না এবং বহিরাগতদের ভয়ে তটস্থ থাকেন; গত ৩০.১০.২০১৬ খ্রিঃ একজন রোগীর মৃত্যুকে কেন্দ্র করে গঠিত তদন্তবোর্ডে আপনার আস্থা ভাজন ইউনানী মেডিকেল অফিসারকে রাখেন যাহা বিধি বর্হিভূত এবং সংশ্লিষ্ট কর্তব্যরত চিকিৎসককে জানাননি; আপনি হাসপাতাল কোয়ার্টার বরাদ্দ নিয়ে স্বজনপ্ৰীতি আচরণ করেছেন; আপনি সিভিল সার্জন, নওগাঁ কর্তৃক ফার্মাসিস্ট জালাল উদ্দিনের বদলি আদেশটি কার্যকর না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের ন্যায়সংগত আদেশ অমান্য করেন; ফার্মাসিস্ট গোলাম রহমান দুর্ঘটনায় পা ভেঙে অসুস্থ হয়ে ছুটির আবেদন করার পরও ছুটি মঞ্জুর না করে অমানবিকভাবে অসুস্থ অবস্থায় তাঁকে ডিউটি করতে বাধ্য করেন। আপনার উপরোল্লিখিত কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ'এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd


নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১৭-৪৩৪

তারিখঃ ১০.১০.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ব্যক্তিগত শুনানি।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, ডাঃ নাজেম আহমেদ (১২৩৩১২), ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিলমারী, কুড়িগ্রাম) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার বিষয়ে ব্যক্তিগত শুনানি আগামী ১৫.১০.২০১৭ তারিখ সকাল ১০.০০ টায় স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস (কক্ষ নং-৩১১, ভবন-৩, ৪র্থ তলা) কক্ষে গ্রহণ করা হবে।

২। নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট কাগজপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১০.১০.২০১৭
(আসমা তাসকিন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd


ডাঃ নাজেম আহমেদ (১২৩৩১২),
ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
(প্রাক্তন সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিলমারী, কুড়িগ্রাম)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯১.২০১৭-৪৩৪/১(৭)

তারিখঃ ১০.১০.২০১৭ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নির্ধারিত তারিখে সংশ্লিষ্টদের নথিপত্রসহ শুনানিতে উপস্থিত থাকার জন্য এবং নোটিসটি যথাযথভাবে জারি করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। যুগ্মসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, কুড়িগ্রাম (তাকে সংশ্লিষ্ট কর্মকর্তাকে শুনানির বিষয়টি মৌখিক ও দাপ্তরিকভাবে অবহিত করে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


১০.১০.২০১৭
(আসমা তাসকিন)
উপসচিব